খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২৩

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

### আইইডি আয়োজিত নেটওয়ার্কসভা

## অনলাইনে কুতথ্য, গুজব ও সাইবার বুলিং প্রতিরোধে ১৬ উন্নয়ন সংস্থা ও প্রতিষ্ঠানের যৌথ ঘোষণা




নির্বাচনকালে দেশে কুতথ্য, গুজব ও সাইবার বুলিং প্রতিরোধ এবং সুবিধাবঞ্চিত, সংখ্যালঘু ও লিঙ্গবৈচিত্র্যের জনগোষ্ঠীর সুরক্ষায় ১৬টি বেসরকারি উন্নয়ন সংস্থা, প্রতিষ্ঠান ও নাগরিক প্ল্যাটফরম ১০ দফা যৌথ ঘোষণা দিয়েছে। ২০-২১ ডিসেম্বর ২০২৩ ঢাকা ওয়াইডব্লিউসিএ মিলনায়তনে আইইডি আয়োজিত নেটওয়ার্কসভা থেকে এ ঘোষণা দেয়া হয়। দি এশিয়া ফাউন্ডেশনের সহায়তায় 'সেন্সিটাইজিং পিপল অন হার্মফুল ইফেকটস অব ডিজিটাল ডিজইনফর্রমেশন টু প্রমোট পিস অ্যান্ড হারমনি প্রকল্প'-এর আওতায় ১৮টি সংস্থা, প্রতিষ্ঠান ও প্লাটফরমের অংশগ্রহণে এই নেটওয়ার্কসভা অনুষ্ঠিত হয়। সকলে নীতিগতভাবে একমত হলেও দুটি সংস্থা অনুমোদনের জন্য তাদের বোর্ডসভায় উপস্থাপন করবে। ঘোষণায় স্থানীয় সরকার ও প্রশাসনে গুজব ও কুতথ্য প্রতিরোধ সম্পর্কে দক্ষতা বৃদ্ধি, পাঠ্যপুস্তকে সচেতনতামূলক পাঠ্যক্রমের অন্তর্ভুক্তি, গণমাধ্যমে সংবাদ যাচাইয়ের সক্ষমতা বৃদ্ধি, পুলিশের সাইবার সেলের সক্ষমতা জোরদারসহ নির্বাচনকে কেন্দ্র করে নারী, সংখ্যালঘু, লিঙ্গবৈচিত্র্য ও পিছিয়েপড়া জনগোষ্ঠীকে বিশেষ সুরক্ষা প্রদানের দাবি জানানো হয়।

প্রথম দিন আইইডির নির্বাহী পরিচালক নুমান আহম্মেদ খানের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন উর্ধ্বতন সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়। আলোচনা করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি ও সাবেক কূটনীতিক হুমায়ূন কবির, দি এশিয়া ফাউন্ডেশনের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মো. জাকারিয়া, ম্যানেজমেন্ট রিসোর্সেস ডেভলপমেন্ট ইনিসিয়েটিভের (এমআরডিআই) নির্বাহী পরিচালক হাসিবুর রহমান ও বাংলাদেশ সরকারের মহিলা অধিদপ্তরের সহকারী প্রকল্প পরিচালক শাহানা আকতার।


বিভিন্ন অধিবেশনে 'গণতান্ত্রিক প্রক্রিয়ায় কুতথ্যের প্রভাব' শীর্ষক আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ইসতিয়াক রায়হান। এ ছাড়া সংবাদ যাচাইয়ের নানা প্রক্রিয়া ও সাইবার সিকিউরিটি নিয়ে আলোচনা করেন ইউল্যাবের সেন্টার ফর ক্রিটিক্যাল অ্যান্ড কোয়ালিটেটিভ স্টাডিজের পরিচালক দ্বীন মোহম্মদ সুমন রহমান ও তার টিম সদস্যরা; অ্যাডভোকেসি কৌশলের ওপর আলোচনা করেন এমআরডিআই'র নির্বাহী পরিচালক হাসিবুর রহমান ও সিনিয়র প্রোগ্রাম অফিসার সৈয়দ অনিক এবং কুতথ্য প্রতিরোধে নেটওয়ার্ক ডেভলপমেন্ট নিয়ে আলোচনা করেন দৈনিক ইত্তেফাকের জ্যেষ্ঠ প্রতিবেদক আমীর মোহাম্মদ।

আইইডি, সিকিউএস, ইউল্যাব; বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট; এমকেপি; আইডিয়া, ইআরএ; প্রেরণা; পেভ; হরিজন যুব কল্যাণ পরিষদ; অবলম্বন; এসোসিয়েশন ফর সোশ্যাল ডেভলপমেন্ট অব বাংলাদেশ; এফটিডব্লিউটি; শীল্ড; ডিজইনফরমেশন প্রিভেনশন ফোরাম; জাতীয় আদিবাসী পরিষদ, বৃহত্তর ঢাকা কমিটি ও জনউদ্যোগ যৌথ ঘোষণায় স্বাক্ষর করে।


প্রকল্পের আওতায় অক্টোবর-নভেম্বর ২০২৩ সময়কালে যশোর, ময়মনসিংহ, শেরপুর, গাইবান্ধা ও খুলনায় নাগরিক সমাজ সদস্যদের সচেতনতা ও উদ্যোগের জন্য সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা ও গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সিটি করপোরেশনের মেয়র, সরকারি কর্মকর্তা, পুলিশ কর্মকর্তা এবং যুব, নারীনেতা, সাংবাদিকসহ নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।



ময়মনসিংহে সাংবাদিকদের হাতে সনদ তুলে দিচ্ছেন সিটি মেয়র ইকরামুল হক টিটু



যশোরে গোলটেবিল বৈঠকে বক্তব্য রাখছেন স্থানীয় সরকার প্রশাসনের উপপরিচালক রকিবুল হাসান



গাইবান্ধায় গোলটেবিল বৈঠকে নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ